৩৬

দৈনিক সংবাদ

তারিখ 05 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

# দিনাজপুর ঃ ৭শ’ ৩০টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই

।। চিত্ত ঘোষ ।। দিনাজপুর।– দিনাজপুর জেলার ৭শ’ ৩০টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে ওই গ্রামগুলোর ৬ থেকে ১০ বছর বয়সী প্রায় ১ লাখ শিশু আজো বিদ্যালয়ের চেহারা দেখেনি। এ কারণে "দু'হাজার সালের মধ্যে সকলের জন্য শিক্ষা" কর্মসূচী বাস্তবায়িত না হওয়ার আশংকা রয়েছে।

দিনাজপুর জেলার ১৩টি থানায় মোট ২ হাজার ১শ’ ৬৪টি গ্রাম রয়েছে। এ গ্রামগুলোতে ১ হাজার ৪শ’ ৩৪টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তার মধ্যে হচ্ছে সরকারি ৮শ’ ৬০টি এবং ৫শ’ ৭৪টি বেসরকারি। ৭শ’ ৩০টি গ্রাম এখনো প্রাথমিক বিদ্যালয় শূন্য রয়েছে। এক জরিপে দেখা যায়, ১৯৯৪ সালের ডিসেম্বর পর্যন্ত জেলার ১৩টি থানায় শিশুর সংখ্যা ছিল ৪ লাখ ২৬ হাজার ১১ জন।

জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্রে জানা যায়, জেলার ১ হাজার ৪শ’ ৩৪টি বিদ্যালয়ে ৬ থেকে ১০ বছর বয়সী ৩ লাখ ২৯ হাজার ৪১ জন শিশু লেখাপড়া করছে। বাকি ৯৬ হাজার ৯শ’ ৭০ জন শিশু বিদ্যালয়ে যায় না।

এছাড়াও জেলায় অবস্থিত ৫শ’ ৭৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণের ব্যাপক সংকটসহ শিক্ষার সুষ্ঠু পরিবেশ না থাকায় ক্রমেই বিদ্যালয়গুলোতে ছাত্র–ছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে।